

## আমার চেয়েও কোন দুখি লোক, আমার সুখের চেতনা জাগায়

প্রিয় সুপ্ৰভাত,

তোমার সাবলিল চিন্তাজাবনার এ সপ্তাহের ফসল **আমার চেয়েও কোন দুখি লোক, আমার সুখের চেতনা জাগায়**। তোমার বিষয় জাবনার সংক্রমণে আমরা সংক্রামিত। এই সংক্রমণে আমরা সুখি।

কিন্তু বন্ধু, সুখ আমরা সকলেই চাই। কিন্তু সুখকে আমরা যথার্থ পরিমাপ করতে কজনই বা পারি। আর তাই প্রকৃত সুখী হয়েও আমার চেতনায় তা ধরা পড়ে না। তাহলে প্রথমেই বন্ধু সুখ শব্দটিকে ব্যখ্যা করা যাক।

সুখ শব্দটি দুটি অক্ষরের সমন্বয়। এখানে সু - অর্থে উত্তম এবং খ - অর্থে জ্ঞানেন্দ্রীয়। অর্থাৎ আমার জ্ঞানেন্দ্রীয়গুলো যখন উত্তম অবস্থায় থাকে একমাত্র তখনই আমি সুখি। অতএব তাহলেতো বন্ধু আমরা প্রত্যেকেই সदा সর্বদা সুখি। তাহলে চারিদিকে এতো দুখের ফ্রন্দন কেন ? কারণ বন্ধু সুখ বা দুঃখ সবই আপাত। সবই আমাদের মন কেন্দ্রীক। তার ওপর রয়েছে আমি স্বয়ং। আমি আমার মনে যে বার্তা পাঠাই, মন সেইভাবেই আমাকে চালিত করে।

আমলে বন্ধু জীবন সমুদ্রে ডুব দিয়ে আমি ডুবুরি কি তুলে আনব তা সম্পূর্ণ আমার ওপরেই নির্ভর করে। আমি তুলে আনতে পারি কোন নুড়ি বা শগুলা অথবা শামুকের খোল। সমুদ্রে ডুব দিয়ে বন্ধু মুক্তো কিন্তু আমিই তুলে আনি।

আসুন বন্ধু আমরা আমাদের জীবন সমুদ্রে, সুখের পরিমাপ করি-

আমি সুস্থভাবে জন্ম গ্রহণ করেছি, আমার পরিবার ও আমি তাই সুখি।

শারীরিকভাবে সুস্থভাবে জীবন অতিবাহিত করছি, আমি তাই সুখি।

জীবন যাপনের অপরিহার্য তিনটি উপাদান অন্ন, বস্ত্র ও বাসস্থানের সংস্থান আমার আছে, আমি তাই সুখি।

অসুস্থ হলে আমার চিকিৎসা পাবার সুযোগ আছে, আমি তাই সুখি।

আমার মাথের মধ্যে আমি স্বপ্ন দেখি ও তা সাকার করার ক্ষমতা আমার আছে, আমি তাই সুখি।

সর্বোপরি সুখ সম্পর্কে আমার সঠিক ধারণা আছে, আমি তাই অবশ্যই সুখি।

আমলে বন্ধু আমার সুখের পরিমাপ যদি আমি করতে চাই, তাহলে আমাকে তাকাতে হবে কোন বাহ্যিক পদার্থ দ্বারা সুখি মানুষের দিকে নয়, তা আমার আপাত দুখের পরিমাণকেই বাড়িয়ে দেবে। বরং আমি যদি নিজেকে সুখি ভাবতে চাই তাহলে আমাকে তাকাতে হবে আমার চেয়েও কোন দুখি লোকের দিকে। জীবন সমুদ্রে যেকিনা আমার পূর্ব প্রাপ্ত কোন সুখের সন্ধান পায় নি। যার জন্মই হয়েছে কোন শারীরিক

প্রতিবন্ধকতা নিয়ে। যার দুখের স্পন্দন তার আগামী সারাটা জীবন ধরে তাকে বহন করে নিয়ে যেতে হয়।

সবশেষে বলি বন্ধু যেকোন প্রতি বন্ধকতার কারণে যে কিনা আমাদের প্রিয় সুপ্রভাতের সানিগ্ধ থেকে বঞ্চিত, সেই দুখি লোক অবশ্যই আমার সুখের চেতনা জাগায়।

সকলে সুখি থাকুন চিন্তায় ও মননে।

শুভেচ্ছান্তে,  
সুখি, দাঙ্গুদাদপ

৩/২/২০০৭, শিলিগুড়ি